

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।  
(জুডিসিয়াল মুগিখানা শাখা)  
www.natore.gov.bd

নম্বর:০৫.৪৩.৬৯০০.০১২.২২.০১৮.২৩- ২৭৬

তারিখ: ২৫ আশ্বিন, ১৪৩১  
০৯ অক্টোবর, ২০২৪

অফিস আদেশ

যেহেতু স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, রাজনৈতিক-৪ শাখার ২৫ আগস্ট ২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১. ০২৫.২০২১-৩৩০ নং প্রজ্ঞাপনে বিগত ২০০৯ সালের ০৬ জানুয়ারি হতে ২০২৪ সালের ০৫ আগস্ট পর্যন্ত ব্যক্তিগত নিরাপত্তার জন্য প্রদত্ত সকল আগ্নেয়াস্ত্রের লাইসেন্স ( কর্মরত সামরিক-অসামরিক কর্মকর্তা ব্যতীত ) স্থগিত করা হয়েছে;

যেহেতু উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত সময়ের লাইসেন্সধারী ব্যক্তিগণকে আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে লাইসেন্সধারীর স্থায়ী ঠিকানার সংশ্লিষ্ট থানায় অথবা বর্তমান বসবাসের ঠিকানার নিকটস্থ থানায় লাইসেন্স গ্রহীতা নিজে / মনোনীত প্রতিনিধির মাধ্যমে জমা দেওয়ার নির্দেশনা প্রদান করা হয়েছিল;

যেহেতু নিম্নবর্ণিত লাইসেন্সধারী ব্যক্তিগণ কর্তৃক বা তার মনোনীত প্রতিনিধির মাধ্যমে তাদের নামীয় আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ থানায় জমা প্রদান করা হয়নি মর্মে পুলিশ সুপার, নাটোর কর্তৃক প্রতিবেদনে জানা যায়;

যেহেতু লাইসেন্সধারী ব্যক্তিগণ কর্তৃক তাদের নামীয় আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ থানায় জমা প্রদান করা হয়নি সেহেতু আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা, ২০১৬ এর ১৯(চ) ও ২০ অনুচ্ছেদ অনুযায়ী বাতিলযোগ্য;

এমতাবস্থায়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ০৩.০৮.২০১৬ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫.৮২৬ নং স্মারকে জারীকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ এর ১৯(চ) ও ২০ অনুচ্ছেদ এবং অস্ত্র আইন, ১৮৭৮ এর ১৮(ক) ধারার নির্দেশনা মোতাবেক আমি মোঃ মাহুদুর রহমান, জেলা ম্যাজিস্ট্রেট (ভারপ্রাপ্ত), নাটোর নিম্নবর্ণিত লাইসেন্সধারীগণের নামীয় পিস্তল, রাইফেল, ও শটগান লাইসেন্স এতদ্বারা বাতিল ঘোষণা করলাম এবং সেই সাথে বাতিলকৃত আগ্নেয়াস্ত্রসমূহ নিজ উদ্যোগে আগামী ০৩(তিন) দিনের মধ্যে সংশ্লিষ্ট থানায় জমা করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

লাইসেন্স ধারীর নাম ও ঠিকানা	লাইসেন্স নম্বর	অস্ত্র নম্বর	অস্ত্রের সংখ্যা	বাতিলের কারণ
মোঃ শফিকুল ইসলাম শিমুল পিতা- আল হাজ্ব হাসান আলী সরকার সাং- কান্দিভিটুয়া, উপজেলা- নাটোর সদর, জেলা- নাটোর।	২০৬/২০০৯ (নাটোর)	.৩২ বোর পিস্তল অস্ত্র নং-এফ-৭৬৪০১ ডার্লিউ	০১টি	সরকারি নির্দেশনা মোতাবেক অস্ত্র থানায় জমা না দেওয়ার কারণে
মোঃ শফিকুল ইসলাম শিমুল পিতা- আল হাজ্ব হাসান আলী সরকার সাং- কান্দিভিটুয়া, উপজেলা- নাটোর সদর, জেলা- নাটোর।	২৩১/২০১৬ (নাটোর)	.২২ বোর রাইফেল অস্ত্র নং-এইচ কে ০০৭৯৯১	০১টি	ঐ
মোঃ আশফাকুল ইসলাম পিতা- মৃত ফজলুল হক সাং- দক্ষিণ বড়গাছা, নাটোর সদর জেলা-নাটোর।	১৩১২/২০১৪ (নাটোর)	শটগান অস্ত্র নং- ৫ এইচ ও- ১৪৮৩৪৫	০১টি	ঐ
জুনাইদ আহমেদ পলক পিতা- ফয়েজ উদ্দিন আহমেদ গ্রাম- সিংড়া কলেজপাড়া উপজেলা- সিংড়া, জেলা- নাটোর।	২১০/২০১০ (নাটোর)	এনপিবি পিস্তল অস্ত্র নং-এফ-৬৯৮২২ ডার্লিউ	০১টি	ঐ
জুনাইদ আহমেদ পলক পিতা- ফয়েজ উদ্দিন আহমেদ গ্রাম- সিংড়া কলেজপাড়া উপজেলা- সিংড়া, জেলা- নাটোর।	৯০২/২০১০ /সিংড়া	.১২ বোর শটগান অস্ত্র নং- ৮৭০	০১টি	ঐ
মোঃ জামাতুল ফেরদৌস পিতা-মৃত জাহাঙ্গীর ফিরোজ গ্রাম- হাট সিংড়া, উপজেলা-সিংড়া জেলা-নাটোর।	২৩৩/২০১৭ (নাটোর)	.৩২ বোর পিস্তল অস্ত্র নং- এফ- ৯৯৫৭৬ ডার্লিউ	০১টি	ঐ

০২/১০/২৪


(মোঃ মাহুদুর রহমান)  
জেলা ম্যাজিস্ট্রেট (ভারপ্রাপ্ত)  
নাটোর  
ফোন নং:২৫৮৮৮-৭৩৭৪১  
ই-মেইল: dcnatore@mopa.gov.bd

নম্বর : ০৫.৪৩.৬৯০০.০১২.২২.০১৮.২৩-২৭৮/২(৩০০)

তারিখ: ১৩ আশ্বিন, ১৪৩১  
০১ অক্টোবর ২০২৪

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট,.....(সকল)
৪. পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, নাটোর (তাকেযেহেতু স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের রাজনৈতিক-৪ শাখার ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৫৯ নং স্মারকের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট লাইসেন্সধারীগণের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ অন্তে পূর্ণাঙ্গ আইনানুগ ব্যবস্থার বিবরণী নিম্নস্বাক্ষরকারী বরাবর আগামী ০৭/১০/২০২৪ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো ) (কপি সংযুক্ত)।
৫. উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর/সিংড়া/গুরুদাসপুর/বড়াইগ্রাম/লালপুর/বাগতিপাড়া/নলডাঙ্গা, নাটোর।
৬. অফিসার-ইন-চার্জ, নাটোর সদর থানা/ সিংড়া থানা, নাটোর। ( তাকে সংশ্লিষ্ট লাইসেন্সধারীগণের নামীয় অস্ত্র থানার হেফাজতে নিয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ জন্য অনুরোধ করা হলো )।
৭. অফিসার-ইন-চার্জ, সিংড়া/গুরুদাসপুর/বড়াইগ্রাম/লালপুর/বাগতিপাড়া/নলডাঙ্গা থানা, নাটোর।
৮. মোঃ শফিকুল ইসলাম শিমুল, পিতা- আল হাছ হাসান আলী সরকার সাং- কান্দিভিটুয়া, উপজেলা- নাটোর সদর, জেলা- নাটোর।
৯. মোঃ আশফাকুল ইসলাম, পিতা- মৃত ফজলুল হক, সাং- দক্ষিণ বড়গাছা, নাটোর সদর, জেলা-নাটোর।
১০. জুনাইদ আহমেদ পলক, পিতা- ফয়েজ উদ্দিন আহমেদ, গ্রাম- সিংড়া কলেজপাড়া, উপজেলা- সিংড়া, জেলা- নাটোর।
১১. মোঃ জাম্মাতুল ফেরদৌস, পিতা-মৃত জাহাঙ্গীর ফিরোজ, গ্রাম- হাট সিংড়া, উপজেলা-সিংড়া, জেলা-নাটোর।
১২. ....
১৩. অফিস নথি।

  
০১/১০/২৪

(মোঃ মাছুদুর রহমান)  
জেলা ম্যাজিস্ট্রেট (ভারপ্রাপ্ত)  
নাটোর  
ফোন নং: ২৫৮৮৮-৭৩৭৪১  
ই-মেইল: dcnatore@mopa.gov.bd